

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৯১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যিক হলো নিজের ফসলাদির ক্ষেত্রে আল্লাহর কাছে বারকাহর জন্য দু'আ করবে; শুধু শুধু বৃষ্টির উপর নির্ভর করবে না

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمُسْلِمِينَ مِنْ سُؤْلِهِمْ رَبَّهُمْ أَنْ يُبَارَكَ لَهُمْ فِي رِيعِهِمْ دُونَ
اتِّكَالِهِمْ مِنْهُ عَلَى الْأَمْطَارِ

আরবী

991 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنْ
سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(لَيْسَتْ السَّنَةُ بِأَنْ لَا تُمَطَّرُوا وَلَكِنَّ السَّنَةَ أَنْ تُمَطَّرُوا وَأَنْ تُمَطَّرُوا وَلَا تُنْبِتَ الْأَرْضُ
شَيْئًا)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 991 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৯৯১. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “দুর্ভিক্ষ এটা নয় যে, তোমাদের বৃষ্টি দেওয়া হবে না বরং দুর্ভিক্ষ হলো তোমাদের বৃষ্টি দেওয়া হবে ঠিকই কিন্তু জমিন কোন কিছু উৎপন্ন করবে না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৪২; সহীহ মুসলিম: ২৯০৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে উৎকৃষ্ট বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৯৯১।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89496>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন